

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস: রপ্তানি ও বন্দ শাখা]

প্রজ্ঞাপন

নং ৪০/২০২২/কাস্টমস/৩০৬, তারিখ : ০৭ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত ওয়েববেজড অটোমেশন সফটওয়্যার Customs Bond Management System-এর মাধ্যমে ইলেক্ট্রনিক পদ্ধতিতে কাস্টমস বন্দ ব্যবস্থাপনা পরিচালনা সংক্রান্ত আদেশ।

Customs Act, 1969 (Act IV of 1969)-এর Section 119 (B) ও ইহার সহিত পঠিতব্য একই আইনের Section 219 (B) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত ওয়েববেজড অটোমেশন সফটওয়্যার Customs Bond Management System অতঃপর CBMS বিলিয়া উল্লিখিত, এর মাধ্যমে ইলেক্ট্রনিক পদ্ধতিতে কাস্টমস বন্দ ব্যবস্থাপনা পরিচালনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদনে, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ শর্ত ও পদ্ধতি নির্ধারণ করিল, যথা :

১। Customs Act, 1969 (Act IV of 1969)-এর আওতায় ও জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন প্রজ্ঞাপন ও আদেশে বর্ণিত বন্ডেড ওয়্যারহাউসিং সংক্রান্ত সমুদয় কার্যক্রম CBMS-এর মাধ্যমে পরিচালনা করিতে হইবে। তবে শর্ত থাকে যে, শুধুমাত্র বন্ডেড ওয়্যারহাউসিং লাইসেন্সিং বিধিমালা, ২০০৮-এর আওতায় লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই ব্যবস্থাটি প্রযোজ্য হইবে;

২। কাস্টমস বন্দ ব্যবস্থাপনা সংক্রান্ত যে কোনো সেবা গ্রহণ করিতে হইলে সেবা গ্রহণকারী এ লক্ষ্যে সৃজিত অনলাইন পোর্টাল cusbond.gov.bd ব্যবহার করিয়া প্রয়োজনীয় সেবা গ্রহণ করিতে পারিবে;

(১৪৯১৩)
মূল্য : টাকা ৪.০০

৩। CBMS-এ বন্ড ব্যবস্থাপনার কার্যক্রমভিত্তিক বিভিন্ন মডিউল থাকিবে যেইগুলো জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজন অনুযায়ী সংযোজন/পরিমার্জন/সংযোজন/বিয়োজন করিতে পারিবে;

৪। প্রতিটি মডিউল ভিত্তিক একটি ইউজার ম্যানুয়াল থাকিবে যাহাতে বন্ড সংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য বিস্তারিত বর্ণনা থাকিবে এবং উক্ত ইউজার ম্যানুয়েল জাতীয় রাজস্ব বোর্ড সময়ে সময়ে পরিমার্জন/সংশোধন করিতে পারিবে; এবং

৫। কাস্টমস বন্ড ব্যবস্থাপনা সংক্রান্ত যে কোনো মডিউল/মডিউলসমূহ পাইলটিং-এর মাধ্যমে চালু করিতে পারিবে এবং পাইলটিং করিবার আগে জাতীয় রাজস্ব বোর্ড সময় ও তারিখ উল্লেখ করিয়া আদেশ প্রদান করিবে।

৬। জনস্বার্থে এ আদেশ জারী করা হইল এবং অবিলম্বে ইহা কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ত্রী
ঢাকায় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)।**